

আলোকিত বাংলাদেশ

উন্নয়নের মূলধারায়

ঢাকা ১৭ জুলাই ২০১৮



বশেমুরক্বিতে গবেষণা বিষয়ক কর্মশালা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরক্বি) দুই দিনব্যাপী (১৬ থেকে ১৭ জুলাই) গবেষণা পর্যালোচনা শীর্ষক কর্মশালা সোমবার বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে শুরু হয়েছে। সোমবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মো. গিয়াসউদ্দীন মিয়ান সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর তোফায়েল আহমেদ এবং বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথুরাম সরকার। স্বাগত বক্তব্য রাখেন বশেমুরক্বির পরিচালক (গবেষণা) প্রফেসর ড. একেএম আমিনুল ইসলাম। সংবাদ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরক্বি) দুই দিনব্যাপী গবেষণা পর্যালোচনা কর্মশালায় সোমবার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান